

স্মৃতিভূক নববর্ষ

অজয় দাশগুপ্ত

যা কিছু আমরা হারিয়ে ফেলেছি
ফিরে পাবো নাতো আর
না পাওয়ার চেয়ে বেদনা সঠিক
পেয়ে কিছু হারাবার।
আমরা পেয়েছি স্নেহ ভালোবাসা
অপার হৃদয় মমতা
সংসার জুড়ে মায়ের দাপট
দেখেছি মায়ের ক্ষমতা।
রাসভারী পিতা জজ, ডাক্তার
কিংবা চাকুরে আমরা
ঘরে ফিয়ে এলে মায়ের কাছেই
মিটে যেত সব মামলা।
যত না ভীতি শিক্ষকে ছিল
ছিল না খোদা ও ঠাকুরে
পিতার চেয়েও কর্তা মেনেছি
চাচা জ্যেষ্ঠা বা কাকুরে।
বেডরুমই ছিল ডইংরুম, তাতে
শয্যা যে পাশাপাশি
টিনের চালায় বৃষ্টির সুর
এক ঘরে ঠাসাঠাসি।
বার্গার, ড্রিংকস্ ফাস্ট ফুড হীন
দুধ আর পাউরুটি
সাদা কালো ফেমে উজ্জ্বল ছবি
বাবা মা'র সেরা জুটি।

অনুদান নেই, শুধু ফাঁকা বুলি
এবং শপথ ভাঙ্গা
ইতিহাস ছিল উজ্জ্বল তবু
রাজপথ ছিল রাজা।
আনন্দ কভু হয়নি ফিকে
হলেও বেদনা ধৌত
ভাগাভাগি করে জীবন কেটেছে
পরিবার ছিল যৌথ।
দরিদ্র দেশে জন্মেছি বটে
জীবন কেটেছে হর্ষে
চোখ ভরা জলে স্মৃতি খুঁজে ফিরি
বাংলার নববর্ষে।